

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ৪১টি প্রতিষ্ঠানকে ১.৯২ লক্ষ টাকা জরিমানা

৮ আগস্ট ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয় ও বিভিন্ন জেলা কার্যালয়ের ১৪ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, নওগাঁ, মাদারীপুর, ঝিনাইদহ, গোপালগঞ্জ, পাবনা, টাঙ্গাইল, নারায়ণগঞ্জ, বরিশাল, চট্টগ্রাম, রাজবাড়ী, যশোর এবং বগুড়ায় আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজনী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর শেরেবাংলা নগর এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে নবাবগঞ্জ জেনারেল স্টোর, বুবা জেনারেল স্টোর ও আহমেদ ঔষাখালয়কে যথাক্রমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও ২০,০০০/- (বিশ হাজার) টাকাসহ মোট ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

নওগাঁ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আব্দুল্লাহ আল মাসুমের নেতৃত্বে নওগাঁ সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৩১,৫০০/- (একত্রিশ হাজার পাঁচশত) টাকা, মাদারীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জান্নাতুল ফেরদৌসের নেতৃত্বে মাদারীপুর সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ১০,০০০/- (দশ হাজার) টাকা, ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে ঝিনাইদহ সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা, গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামীম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জ সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৪,২০০/- (চার হাজার দুইশত) টাকা, পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক এ.এস.এম মাসুম-উদ দৌল্যার নেতৃত্বে পাবনার ঈশ্বরদী উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১৮,০০০/- (আঠার হাজার) টাকা, টাঙ্গাইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাগফুর রহমানের নেতৃত্বে টাঙ্গাইল সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৬,০০০/- (ছয় হাজার) টাকা, নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক তাহমিনা বেগমের নেতৃত্বে নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জ উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৮,০০০/- (আট হাজার) টাকা, বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইব মিয়ান নেতৃত্বে বরিশালের গৌরনদী উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৭,০০০/- (সাত হাজার) টাকা, বরিশাল বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক সুমী রাণী মিত্রের নেতৃত্বে বরিশালের গৌরনদী উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৬,০০০/- (ছয় হাজার) টাকা, চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জয়াস চাকমার নেতৃত্বে চট্টগ্রামের বিভিন্ন এলাকায় ৫টি প্রতিষ্ঠানকে ৩২,০০০/- (বত্রিশ হাজার) টাকা, রাজবাড়ী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফেরদৌস শিকদারের নেতৃত্বে রাজবাড়ী সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৯,০০০/- (নয় হাজার) টাকা, যশোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সোহেল শেখের নেতৃত্বে যশোর সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ১১,০০০/- (এগার হাজার) টাকা এবং বগুড়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শরীফুল ইসলামের নেতৃত্বে বগুড়া সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকাসহ মোট ১,৬২,২০০/- (এক লক্ষ বাষট্টি হাজার দুইশত) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি, পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করা, ওজনে কারচুপি, ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ১৪টি বাজার তদারকির মাধ্যমে ৪১টি প্রতিষ্ঠানকে মোট ১,৯২,২০০/- (এক লক্ষ বিরানব্বই হাজার দুইশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানিটারী ইন্সপেক্টর, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

(ফাহমিনা আক্তার)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর ও বরিশাল মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা, নওগাঁ, মাদারীপুর, ঝিনাইদহ, গোপালগঞ্জ, পাবনা, টাঙ্গাইল, নারায়ণগঞ্জ, বরিশাল, চট্টগ্রাম, রাজবাড়ী, যশোর এবং বগুড়া।
- ৭। পুলিশ সুপার, ঢাকা, নওগাঁ, মাদারীপুর, ঝিনাইদহ, গোপালগঞ্জ, পাবনা, টাঙ্গাইল, নারায়ণগঞ্জ, বরিশাল, চট্টগ্রাম, রাজবাড়ী, যশোর এবং বগুড়া।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১১। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।